



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University
গাজীপুর-১৭০৫।

ওপেন স্কুল
এস.এস.সি প্রোগ্রাম : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ
ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর ওপেন স্কুল পরিচালিত সেকেন্ডারি স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) প্রোগ্রামে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে ০১ আগস্ট, ২০১৬ তারিখ হতে ব্যাংক রসিদ সংগ্রহকরত: বাউবির নির্ধারিত সোনালী ব্যাংক শাখায় (আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/ স্টাডি সেন্টার হতে জেনে নিতে হবে) ১০০/- (একশত) টাকা জমা দিয়ে ২০-১০-২০১৬ তারিখের মধ্যে ভর্তি ফরম সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টার থেকে সংগ্রহ, জমা দেওয়া ও ভর্তি হওয়া যাবে। প্রয়োজনে ভর্তিচ্ছু প্রার্থীগণ ইন্টারনেট থেকে (<http://www.bou.edu.bd>) ভর্তিফরম ডাউনলোড করে কিংবা ভর্তিফরমের ফটোকপি ব্যবহার করতে পারবেন। এরূপ ব্যবস্থায় ফরম জমা দেয়ার সময় ১০০/-টাকার ব্যাংক রসিদ সংযুক্ত করতে হবে।

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা

আঞ্চলিক কেন্দ্র-ঢাকা, ৪/ক গভঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা -১২০৫। ফোনঃ ৯৯৭৩৬৬৯	আঞ্চলিক কেন্দ্র-বগুড়া, বিখরোড, বনানী, বগুড়া-৫৮০০। ফোন-০৫১/৬২৭৯৪
আঞ্চলিক কেন্দ্র-চট্টগ্রাম, সি.আর.বি রোড, স্টেডিয়াম সংলগ্ন, চট্টগ্রাম। ফোন-০৩১/৬১৯৬৩৩	আঞ্চলিক কেন্দ্র-যশোর, উপ-শহর, যশোর। ফোন-০৪২১/৬৮৫২৬
আঞ্চলিক কেন্দ্র-সিলেট, পিরিজপুর, দক্ষিণ সুরমা, সিলেট। ফোন-০৮২১/৭১৯৫২৩	আঞ্চলিক কেন্দ্র-রাজশাহী, নওহাটা, পূবা, রাজশাহী। ফোন- ০৭২১/৮০০০০৮
আঞ্চলিক কেন্দ্র-বরিশাল, হাউজিং এস্টেট, রূপাতলী, বরিশাল। ফোন-০৪৩১/২১৭৬২৮২	আঞ্চলিক কেন্দ্র- ময়মনসিংহ, মাসকান্দা, ময়মনসিংহ। ফোন-০৯১/৬৫২৯৮
আঞ্চলিক কেন্দ্র-কুমিল্লা, নোয়াপাড়া, দুর্গাপুর, কুমিল্লা। ফোন-০৮১/৭৭৫৫৭	আঞ্চলিক কেন্দ্র-রংপুর, আর.কে.রোড, রংপুর। ফোন-০৫২১/৬৩৫৯৩
আঞ্চলিক কেন্দ্র-ফরিদপুর, হাড়োকান্দি (বরিশাল রোড), ফরিদপুর। ফোন-০৬৩১/ ৬২০৮১	আঞ্চলিক কেন্দ্র-খুলনা, রৌশনীবাগ, খুলনা-৯২০৮। ফোন-০৪১/৭৩১৭৯৫

- ☛ ভর্তির ন্যূনতম যোগ্যতা : জেএসসি/অষ্টম শ্রেণি/সরকার স্বীকৃত সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ☛ ভর্তি ফরম সংগ্রহ, জমাদান এবং ভর্তি : ০১ আগস্ট, ২০১৬ থেকে ২০ অক্টোবর, ২০১৬ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ব্যতীত)।
- ☛ বিলম্ব ফি'সহ (একশত টাকা) ভর্তির সময়সীমা : ২১ অক্টোবর, ২০১৬ থেকে ০৬ নভেম্বর, ২০১৬ তারিখ পর্যন্ত। উক্ত তারিখের পরে ভর্তি হলে তাকে পরবর্তী বর্ষ থেকে ক্লাস করতে হবে।
- ☛ বয়স : অষ্টম শ্রেণি/সমমান পাসের ক্ষেত্রে ৩১-১২-১৯৯৭ তারিখ এর পরে প্রার্থীর জন্ম তারিখ হতে পারবে না। তবে জেএসসি /জেভিসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে উক্ত বয়সসীমা প্রযোজ্য হবে না।
- ☛ ওরিয়েন্টেশন ও টিউটোরিয়াল ক্লাস শুরু : পরবর্তীতে জানানো হবে।
- ☛ ভর্তি প্রক্রিয়া: বাউবি অনুমোদিত এসএসসি প্রোগ্রামের স্টাডি সেন্টারসমূহে মানবিক, ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান শাখায় শিক্ষার্থী ভর্তি করা হবে। একটি স্টাডি সেন্টারে সর্বোচ্চ ৪০০ জনের বেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না। 'ব্যবসায় শিক্ষা' ও 'বিজ্ঞান' শাখায় বাউবি কর্তৃক নির্ধারিত কেন্দ্র ব্যতীত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখায় ভর্তির জন্য অনুমোদিত স্টাডি সেন্টারের নামের তালিকা সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র হতে জানা যাবে। ভর্তি ফি জমা দিয়ে আগে আসলে আগে ভর্তি হবে ভিত্তিতে আঞ্চলিক কেন্দ্র/ উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টারে আসন পূরণ করা হবে। ভর্তি ফরমে প্রার্থীকে তার নিজস্ব অথবা যার মাধ্যমে যোগাযোগ করা সম্ভব তার মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। বাউবি কর্তৃক নির্ধারিত সেকশনের ভিত্তিতে টিউটোরিয়াল ক্লাস পরিচালিত হবে। ভর্তিচ্ছু প্রার্থীকে ভর্তির সময় ব্যাংক টাকা জমাদান রসিদের "প্রথম কপি" (শিক্ষার্থী মারফত বাউবির জন্য), আবেদনপত্র জমা দেয়ার প্রতিপত্র (Counterfoil), প্রথম শ্রেণির কর্মকর্তা/সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত ও কপি পাসপোর্ট আকারের ছবি ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের (জন্ম তারিখ উল্লেখসহ) সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূল সনদপত্র সাথে আনতে হবে (মূল সনদপত্র যাচাইপূর্বক ফেরত দেওয়া হবে)।

☛ ভর্তি ফি :	☛ রেজিস্ট্রেশন ফি	=	১৫০/-
	☛ কোর্স ফি (প্রতি কোর্স ৫০০ টাকা হারে)	=	৩,৫০০/-
	☛ একাডেমিক ক্যালেন্ডার ফি	=	৫০/-
☛ ব্যবহারিক ফি :	☛ ব্যবহারিক কোর্স প্রতি (প্রযোজ্য ক্ষেত্রে) অতিরিক্ত ১০০/- টাকা জমা দিতে হবে		

মোট ভর্তি ফি = ৩,৭০০/- (নুলতম)

বিঃদ্র: ভর্তিচ্ছু প্রার্থীকে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। ডাকযোগে ভর্তি সংক্রান্ত কোন পত্র বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে না। কোন অবস্থাতেই বর্ণিত অর্থের চেয়ে অতিরিক্ত অর্থ প্রদান করা যাবে না। যদি এমনটি ঘটে সেক্ষেত্রে ভর্তি বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। ভর্তির সময় প্রার্থীকে সঠিক তথ্য দিতে হবে। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত নিয়মাবলী, সিলেবাস, পরীক্ষার নিয়ম ইত্যাদি বাউবির একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিলেক্স এবং সংশ্লিষ্ট বিবি-বিধান সকল শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

S. Sultana

(ড. সাদিয়া আফরোজ সুলতানা)

অধ্যাপক ও ডীন, ওপেন স্কুল, বাউবি।